



জবি/প্রশা/ভর্তি:২০২৩-২৪/৩৭৩

তারিখ: ১২ নভেম্বর, ২০২৪

মাইগ্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি


জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষ ১ম সেমিস্টার এ ভর্তিকৃত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৫/১১/২০২৪ তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে <https://gstadmission.ac.bd> পোর্টালে লগইন করে মাইগ্রেশন সংক্রান্ত সিদ্ধান্ত জানাতে হবেঃ

- ১। যে সকল ছাত্র-ছাত্রী বিষয় বা বিশ্ববিদ্যালয় পরিবর্তন করতে চায় না, তাদেরকে <https://gstadmission.ac.bd> পোর্টালে লগইন করে **Stop All Migration** সম্পন্ন করতে হবে।
- ২। যে সকল ছাত্র-ছাত্রী বর্তমানে ভর্তিকৃত বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে ইচ্ছুক নয় তাদেরকে <https://gstadmission.ac.bd> পোর্টালে লগইন করে **Stop University Migration** সম্পন্ন করতে হবে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের অপেক্ষাকৃত অধিকতর পছন্দের বিভাগে মাইগ্রেশনের সুযোগ থাকবে।

নির্ধারিত সময়ের মধ্যে **Stop All Migration/ Stop University Migration** সম্পন্ন না করলে তাদের বিষয়/বিশ্ববিদ্যালয় পরিবর্তন হয়ে গেলে পরবর্তীতে কোনভাবেই পূর্বের বিষয়/বিশ্ববিদ্যালয়ে ফিরে আসার সুযোগ থাকবে না।

বিষয়টি অতিব জরুরী।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,



12/11/2024
(অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জবি/প্রশা/ভর্তি:২০২৩-২৪/৩৭৩

তারিখ: ১২ নভেম্বর, ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

১. ডিন (সকল অনুষদ), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
২. পরিচালক (সকল ইনস্টিটিউট), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৩. চেয়ারম্যান (সকল বিভাগ), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪. পরিচালক (অর্থ ও হিসাব), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৫. পরিচালক (আইসিটি সেল), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ);
৬. পরিচালক, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৭. পরিবহন প্রশাসক, পরিবহন পুল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৮. পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
১০. অফিস/সংরক্ষণ নথি।


12.11.2024
(সাহানা আজার)

ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)